

💵 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৬৬৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৬৭]

১৪। সিয়াম (রোযা) (کتاب الصیام)

পরিচ্ছেদঃ ৪০. লায়লাতুল ক্বদর-এর ফ্যীলত, এর অনুসন্ধানের প্রতি উৎসাহ প্রদান, তা কখন হবে তার বর্ণনা এবং তার অনুসন্ধানের সবচেয়ে আশাব্যঞ্জক সময়

باب فَضْل لَيْلَةِ الْقَدْرِ وَالْحَتِّ عَلَى طَلَبِهَا وَبَيَانِ مَحَلِّهَا وَأَرْجَى أَوْقَاتِ طَلَبِهَا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، وَأَبُو بَكْرِ بْنُ خَلَاّدٍ قَالاَ حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، حَدَّثَنَا سَعِيدٌ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، _ رضى الله عنه _ قَالَ اعْتَكَفَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْعَشْرَ الأَوْسَطَ مِنْ رَمَضَانَ يَلْتَمِسُ لَيْلَةَ الْقَدْرِ قَبْلَ أَنْ تُبَانَ لَهُ فَلَمَّا انْقَضَيْنَ أَمَرَ بِالْبِنَاءِ فَقُوضَ ثُمَّ أَبِينَتْ لَهُ أَنَّهَا فِي الْعَشْرِ الأَوَاخِرِ فَأَمَرَ بِالْبِنَاءِ فَقُوضَ ثُمَّ أَبِينَتْ لَهُ أَنَّهَا فِي الْعَشْرِ الأَوَاخِرِ فَأَمَرَ بِالْبِنَاءِ فَقُوضَ تُمَّ أَبِينَتْ لَهُ أَنَّهَا فِي الْعَشْرِ الأَوَاخِرِ فَأَمَرَ بِالْبِنَاءِ فَقُوضَى ثُمَّ أَبِينَتْ لَهُ أَنَّهَا كَانَتْ أَبِينَتْ لِي لَيْلَةُ الْقَدْرِ وَإِنِّي خَرَجْتُ خَلَى النَّاسِ فَقَالَ " يَا أَيُّهَا النَّاسُ إِنَّهَا كَانَتْ أَبِينَتْ لِي لَيْلَةُ الْقَدْرِ وَإِنِّي خَرَجْتُ لَأَخْبِرَكُمْ بِهَا فَجَاءَ رَجُلاَنِ يَحْتَقَانِ مَعَهُمَا الشَّيْطَانُ فَنُسِيتُهَا فَالْتَمِسُوهَا فِي الْعَشْرِ لَأُخْبِرَكُمْ بِهَا فَجَاءَ رَجُلاَنِ يَحْتَقَانِ مَعَهُمَا الشَّيْطَانُ فَنُسِيتُهَا فَالْتَمِسُوهَا فِي الْعَشْرِ لَكُمْ بِهَا فَجَاءَ رَجُلاَنِ يَحْتَقَانِ مَعَهُمَا الشَّيْطَانُ فَنُسِيتُهَا فَالْتَمِسُوهَا فِي الْعَشْرِ لَوْلَالَا الْمَالِيَّةِ وَالْخَامِسَةِ " . قَالَ قُلْتُ يَا أَبُن مَا التَّاسِعَة وَالْسَابِعَةِ وَالْخَامِسَة " . قَالَ قُلْتُ مَا التَّاسِعَة وَالْخَامِسَةُ قَالَ إِذَا مَضَتَ ثَلَاثُ وَعَشْرُونَ فَالَّتِي تَلِيهَا السَّابِعَةُ فَإِذَا مَضَى خَمْسٌ وَعِشْرُونَ وَالَّتِي تَلِيهَا الْخَامِسَةُ . وَقَالَ ابْنُ خَلَادِ مَكَانَ يَحْتَقَانِ يَخْتَصِمَانٍ .

বাংলা

২৬৬৪-(২১৭/...) মুহাম্মাদ ইবনুল মুসান্না ও আবৃ বকর ইবনু খাল্লাদ (রহঃ) আবৃ সাঈদ আল খুদর (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কদরের রাত অন্বেষণের উদ্দেশে তা তার কাছে সুস্পষ্ট হবার পূর্বে রমযানের মধ্যেই দশদিন ইতিকাফ করলেন। দশদিন অতিবাহিত হবার পর তিনি তাবু তুলে ফেলার নির্দেশ দিলেন। অতএব তা গুটিয়ে ফেলা হল। অতঃপর তিনি জানতে পারলেন যে, তা শেষ দশ দিনের মধ্যে আছে। তাই তিনি পুনরায় তাবু খাটানোর নির্দেশ দিলেন। তা খাটানো হল। এরপর তিনি লোকদের নিকট উপস্থিত হয়ে বললেন, হে লোক সকল! আমাকে কদরের রাত সম্পর্কে অবহিত করা হয়েছিল এবং আমি



তোমাদের তা জানানোর জন্য বের হয়ে এলাম। কিন্তু দু' ব্যক্তি পরস্পর ঝগড়া করতে করতে উপস্থিত হল এবং তাদের সাথে ছিল শাইতান। তাই আমি তা ভুলে গেছি। অতএব তোমরা তা রমযান মাসের শেষ দশ দিনে অম্বেষণ কর তোমরা তা ৯ম, ৭ম ও ৫ম রাতে অম্বেষণ কর।

রাবী বলেন, আমি বললাম, হে আবূ সাঈদ! আপনি সংখ্য সম্পর্কে আমাদের তুলনায় অধিক জ্ঞানী। তিনি বললেন, হ্যাঁ, আমরাই এ বিষয়ে তোমাদের চেয়ে অধিক হকদার। আমি বললাম ৯ম, ৭ম, ৫ম সংখ্যাগুলো কী? তিনি বললেন, যখন ২১তম রাত অতিবাহিত হয়ে যায় এবং ২২তম রাত শুরু হয়- তখন তা হচ্ছে ৯ম তারিখ, ২৩ রাত অতিক্রান্ত হবার পরবর্তী রাত হচ্ছে ৭ম তারিখ এবং ২৫তম রাত অতিবাহিত হবার পরের দিনটি হচ্ছে ৫ম তারিখ।

ইবনু খাল্লাদের বর্ণনায় کَوْتَقَانِ এর শব্দের স্থলে کَوْتَقَانِ শব্দের উল্লেখ আছে (অর্থ একই, অর্থাৎ তারা ঝগড়া করে)। (ইসলামিক ফাউন্ডেশন ২৬৪১, ইসলামীক সেন্টার ২৬৪০)

English

Abu Sa'id al-Khudri (Allah be pleased with him) reported:

The Messenger of Allah () observed i'tikaf in the middle ten days of Ramadan to seek Lailat-ul-Qadr before it was made manifest to him. When (these nights) were over, he commanded to strike the tent. Then it was made manifest to him that (Lailat-ul-Qadr) was in the last ten nights (of Ramadan), and commanded to pitch the tent (again). He then came to the people and said: O people, Lailat-ul-Qadr was made manifest to me and I came out to inform you about it that two persons came contending with each other and there was a devil along with them and I forgot it. So seek it in the last ten nights of Ramadan. Seek it on the ninth, on the seventh and on the fifth. I (one of the narrators) said: Abu Sa'id, you know more than us about numbers. He said: Yes, indeed we have better right than you. I said: What is this ninth, seventh, and fifth? He said: When twenty-one (nights are over) and the twenty-second begins, it is the ninth, and when twenty-three (nights) are over, that which follows (the last night) is the seventh, and when twenty-five nights are over, what follows it is fifth. Ibn Khallad said: Instead of the word Yahligan (contending), he said Yakhtasiman, (they are disputing).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=49748



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন